

নির্বাহী প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত উ/ভবন এম এফটি এস বিমাগ-২, ঢাকা।			
স্মারক নং- ৬৬০৪		তারিখঃ ১৪/১১/২০২২	
প্রকৌশলীর নামঃ		প্রকৌশলীর পদঃ	
প. স:	স. প্র:	উ. বি: প্র:	নি: প্র:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
হিসাব শাখা-১
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০৩০.২১.১২৫৫

তারিখ: ১৩ পৌষ ১৪২৯

২৮ ডিসেম্বর ২০২২

বিষয়: ২০২২-২০২৩ আর্থিক সালে "বাংলাদেশ কপিরাইট ভবন নির্মাণ" শীর্ষক প্রকল্পের ভবন নির্মাণ কাজের ব্যয় নির্বাহের জন্য ২য় কিস্তির অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত কাজের জন্য চলতি ২০২২-২০২৩ আর্থিক সালে খরচ করার জন্য ১০০.০০ লক্ষ (এক কোটি) টাকা বরাদ্দ করা হলো।

উক্ত খরচ প্রকল্প পরিচালক (অতিঃ দাঃ), বাংলাদেশ কপিরাইট ভবন নির্মাণ প্রকল্প, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, জাতীয় আর্কাইভস ভবন, আগারগাঁও, ঢাকার স্মারক নং-০৪/১ তারিখ- ২১/১১/২০২২খ্রিঃ কর্তৃক মঞ্জুরীকৃত ১০০.০০ লক্ষ টাকা কোড নং-৪১১১২০১-অনাবাসিক ভবন খাতের ২০২২-২০২৩ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে বহন/সংকুলান করতে হবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পর্যবেক্ষণ/ পালন পূর্বক খরচ করে অত্র দপ্তরকে অবহিত করতে হবে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করতে হবেঃ

শর্তঃ ১। প্রত্যাশি সংস্থার সাথে যোগাযোগ করে অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী কাজ সম্পাদন করতে হবে।

২। বরাদ্দকৃত অর্থ চলতি অর্থ বছরে খরচ করতে হবে এবং খরচের হিসাব অত্র দপ্তর/ প্রত্যাশী সংস্থার নিকট প্রেরণ করতে হবে।

৩। বরাদ্দকৃত অর্থ খরচের ক্ষেত্রে ভবিষ্যতে কোন প্রকার অনিয়ম উদ্ঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।

৪। এই অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান অনুসরণ পূর্বক খরচ করতে হবে।

৫। অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে অত্র দপ্তরে সমর্পণ করতে হবে।

৬। পৃষ্ঠাংকন পত্র প্রাপ্তি স্বাপেক্ষে বরাদ্দকৃত অর্থ খরচ করতে হবে।

১৫/০১/২০২২

২৮-১২-২০২২

মোঃ সাখাওয়াৎ হোসেন

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)

ফোন: ০২২২৩৩৮৮৯১৪

ইমেইল: se_coord@pwd.gov.bd

নির্বাহী প্রকৌশলী

শেরে বাংলা নগর গণপূর্ত বিভাগ-২

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০৩০.২১.১২৫৫/১

তারিখ: ১৩ পৌষ ১৪২৯

২৮ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১। হিসাব মহানিয়ন্ত্রক, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।

২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস)/ (পওবিপ্র), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।